**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
**জাতীয় রাজস্ব বোর্ড**
**ঢাকা।**

**[ মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক ]**

**প্রজ্ঞাপন**

**তারিখ: ২৪ জ্যৈষ্ঠ, ১৪৩৩ বঙ্গাব্দ / ০৭ জুন, ২০২৬ খ্রিষ্টাব্দ।**

**এস.আর.ও. নং-১২৫-আইন/২০২৬/৩৩০-মূসক।**-জাতীয় রাজস্ব বোর্ড, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ (২০১২ সনের ৪৭ নং আইন) এর ধারা ১৩৫ এ প্রদত্ত ক্ষমতাবলে, মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক বিধিমালা, ২০১৬ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরিউক্ত বিধিমালার -

(১) বিধি ৩ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৩ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৩। **নিবন্ধনের সীমা নির্ধারণ।**—ধারা ২ এর দফা (৫৭) এর বিধান সাপেক্ষে, কোনো ব্যক্তির নিবন্ধন সীমা অতিক্রমের বিষয়টি উক্ত ব্যক্তির সামগ্রিক অর্থনৈতিক কার্যক্রম বিবেচনা করিয়া নির্ধারণ করিতে হইবে।";

(২) বিধি ৪ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৪ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"৪। **নিবন্ধনের আবেদন ও নিবন্ধন প্রদান।**- (১) প্রত্যেক নিবন্ধনযোগ্য ব্যক্তি যে দিন তাহার নিবন্ধনের আবশ্যকতা উদ্ভূত হইবে সেই দিন হইতে ১৫ (পনের) দিনের মধ্যে আবাসিক ব্যক্তির ক্ষেত্রে ফরম **'মূসক-২.১'** এবং অনাবাসিক ব্যক্তির ক্ষেত্রে ফরম **'মূসক-২.২'** এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট মূসক নিবন্ধনের জন্য আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, নিম্নবর্ণিত স্থানে আবেদন দাখিল করা যাইবে, যথা:-

(ক) অনলাইনে বোর্ডের ভ্যাট অনলাইন সিস্টেমে (eVAT সিস্টেম);

(খ) আবেদনকারীর জন্য সুবিধাজনক হয় এমন কোনো কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট বা বিভাগীয় দপ্তর কর্তৃক নির্ধারিত সেবা কেন্দ্র;

(গ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত কোনো সেবা কেন্দ্র;

(ঘ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক পরিচালিত কোনো মেলা; এবং

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

(ঙ) বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো স্থান।

(৩) উপ-বিধি (২) এর দফা (খ) হইতে (ঙ) এর অধীন আবেদনের ক্ষেত্রে আবেদন দাখিলের পরবর্তী কার্যদিবসের মধ্যে আবেদনটি ভ্যাট অনলাইন সিস্টেমে (eVAT সিস্টেমে) প্রেরণ করিতে হইবে।

(৪) eVAT সিস্টেমে অনলাইনে আবেদন দাখিলের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে আবেদনের প্রয়োজনীয় তথ্যাদি যাচাই করিবে এবং–

(ক) আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদণ্ড পূরণ করিলে (Valid), সিস্টেম তাৎক্ষণিকভাবে আবেদনকারীকে আবেদন সফলভাবে জমাদানের বিজ্ঞপ্তি প্রদর্শন করিবে এবং তৎক্ষণাৎ আবেদনকারীর নিবন্ধিত ইমেইল ঠিকানায় ফরম **'মূসক-২.৩'** এ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) সংবলিত একটি মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র প্রেরণ করিবে, উক্ত সনদপত্র জারির মুহূর্ত হইতেই নিবন্ধনটি কার্যকর বলিয়া গণ্য হইবে;

**ব্যাখ্যা।–** *এই বিধির উদ্দেশ্যে, 'Valid আবেদন' বলিতে এমন আবেদন বোঝাইবে যাহাতে eVAT সিস্টেমে নির্ধারিত সকল বাধ্যতামূলক তথ্য সঠিকভাবে পূরণ করা হইয়াছে এবং সংযুক্ত দলিলাদি সিস্টেম-নির্ধারিত ফরম্যাটে আপলোড করা হইয়াছে।*

(খ) আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদণ্ড পূরণে ব্যর্থ হইলে, সিস্টেম আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে ত্রুটির বিবরণ উল্লেখপূর্বক পুনরায় সংশোধিত আবেদন দাখিলের নির্দেশনা প্রদান করিবে:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (২) এর দফা (খ) হইতে (ঙ) এর অধীনে দাখিলকৃত আবেদনের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা কর্তৃক অনলাইনে eVAT সিস্টেমে প্রেরণের সময় সিস্টেম তাৎক্ষণিক BIN প্রদানের উপর্যুক্ত বিধান একইভাবে প্রযোজ্য হইবে।

(৫) উপ-বিধি (৪) এর দফা (ক) এর অধীন মূসক নিবন্ধন সনদপত্র জারির পর eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তাকে নিবন্ধনের বিজ্ঞপ্তি প্রদান করিবে, বিজ্ঞপ্তি প্রাপ্তির পর সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা যথাসময়ে সরেজমিনে যাচাই কার্যক্রম পরিচালনা করিবেন।

(৬) সরেজমিনে যাচাইকালে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা যদি কোনো গরমিল বা অনিয়ম পরিলক্ষিত করেন, তাহা হইলে তিনি যে করমেয়াদে উক্ত

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

গরমিল বা অনিয়ম পরিলক্ষিত হইয়াছে তাহার অব্যবহিত পরবর্তী যে করমেয়াদে দাখিলপত্র পেশের বাধ্যবাধকতা রহিয়াছে উক্ত তারিখের পূর্বেই eVAT সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন।

(৭) উপ-বিধি (৬) এর অধীন অবহিত হওয়ার পর বিভাগীয় কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট করদাতার বিপরীতে একটি কারণ দর্শানোর নোটিশ জারি করিবেন, উক্ত নোটিশে নির্দিষ্ট সময়সীমার মধ্যে করদাতাকে লিখিত জবাব দাখিলের নির্দেশ প্রদান করা হইবে এবং জবাব দাখিলের তারিখ ও সময় উল্লেখ করিতে হইবে।

(৮) করদাতা কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল না করিলে বা দাখিলকৃত জবাব শুনানি গ্রহণান্তে বিভাগীয় কর্মকর্তার নিকট সন্তোষজনক বলিয়া বিবেচিত না হইলে, তিনি-

(ক) ইস্যুকৃত নিবন্ধনের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন; অথবা

(খ) উক্ত নিবন্ধনের বিপরীতে প্রদেয় সেবার পরিসর আদেশ দ্বারা সীমিত করিয়া দিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (৮) এর অধীন স্থগিতাদেশ বা সীমাবদ্ধতার আদেশ প্রদানের আগে করদাতাকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে।

(৯) উপ-বিধি (৬) অনুযায়ী যে করমেয়াদে অনিয়ম দায়ের করা হইয়াছে তাহার অব্যবহিত পরবর্তী দাখিলপত্র পেশের বাধ্যবাধকতার তারিখের পূর্বেই বিভাগীয় কর্মকর্তা উত্থাপিত বিষয়টি নিষ্পত্তি করিতে না পারিলে, eVAT সিস্টেম হইতে স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট নিবন্ধন সনদপত্রের কার্যকারিতার উপর জারিকৃত স্থগিতাদেশের আদেশ বাতিল বলিয়া গণ্য হইবে এবং সংশ্লিষ্ট করদাতার নিবন্ধন পুনঃস্থাপিত হইবে।

(১০) বিধি ৪ এ যাহা কিছুই থাকুক না কেন, আইনের ধারা ৩১ এর উপ-ধারা (৪) এবং ধারা ৭১ এর অধীন কর ফেরত প্রদানসহ আইনের আওতায় নিবন্ধন বা তালিকাভুক্তি বাধ্যতামূলক নয় এমন ব্যক্তির আমদানি বা রপ্তানির ক্ষেত্রে কাস্টমস সিস্টেমের সহায়তায় নিমিত্তিক ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা প্রদান করা যাইবে।";

(৩) বিধি ৫ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৫ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**"৫। তালিকাভুক্তির আবেদন ও তালিকাভুক্তিকরণ।-** (১) কোনো ব্যক্তি ধারা ১০ এর উপ-ধারা (১) এর অধীন নির্ধারিত শর্ত পূরণ করিলে তিনি উক্ত উপ-ধারার বিধান মোতাবেক ফরম **'মূসক-২.১'** এ সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার নিকট তালিকাভুক্তির জন্য আবেদন করিবেন।

(২) উপ-বিধি (১) এর অধীন, নিম্নবর্ণিত স্থানে আবেদন দাখিল করা যাইবে, যথা:-

Downloaded from www.taxvatpoint.com

(ক) অনলাইনে বোর্ডের ভ্যাট অনলাইন সিস্টেমে (eVAT সিস্টেম);

(খ) আবেদনকারীর জন্য সুবিধাজনক হয় এমন কোনো কাস্টমস, এক্সাইজ ভ্যাট কমিশনারেট, বিভাগীয় দপ্তর কর্তৃক নির্ধারিত সেবা কেন্দ্র বা বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো স্থান;

(গ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক নির্ধারিত কোনো সেবা কেন্দ্র; বা

(ঘ) বোর্ড বা সংশ্লিষ্ট কমিশনার কর্তৃক পরিচালিত কোনো মেলা।

(৩) উপ-বিধি (২) এর দফা (খ) হইতে (ঘ) এর অধীন আবেদনের ক্ষেত্রে আবেদন দাখিলের পরবর্তী কার্যদিবসের মধ্যে আবেদনটি ভ্যাট অনলাইন সিস্টেমে প্রেরণ করিতে হইবে।

(৪) eVAT সিস্টেমে অনলাইনে তালিকাভুক্তির আবেদন দাখিলের ক্ষেত্রে সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে আবেদনের প্রয়োজনীয় তথ্যাদি যাচাই করিবে এবং আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদণ্ড পূরণ করিলে (Valid), সিস্টেম তাৎক্ষণিকভাবে আবেদনকারীকে সফল দাখিলের বিজ্ঞপ্তি প্রদর্শন করিবে এবং তৎক্ষণাৎ আবেদনকারীর নিবন্ধিত ইমেইল ঠিকানায় ফরম **'মূসক-২.৩'** এ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) সংবলিত একটি টার্নওভার কর তালিকাভুক্তি সনদপত্র প্রেরণ করিবে।

(৫) উপ-বিধি (৪) এর অধীন তালিকাভুক্তি সনদপত্র জারির পর eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট রাজস্ব কর্মকর্তা এবং বিভাগীয় কর্মকর্তাকে তালিকাভুক্তির বিজ্ঞপ্তি প্রদান করিবে, অত:পর সরেজমিনে যাচাই, কারণ দর্শানোর নোটিশ ও নিষ্পত্তির ক্ষেত্রে বিধি ৪ এর উপ-বিধি (৬) হইতে (৯) এর বিধানাবলি প্রযোজ্য হইবে।

(৬) আবেদনটি সিস্টেম-নির্ধারিত মানদণ্ড পূরণে ব্যর্থ হইলে (Invalid), সিস্টেম আবেদনকারীকে তাৎক্ষণিকভাবে ত্রুটির বিবরণ উল্লেখপূর্বক সংশোধিত আবেদন পুনরায় দাখিলের নির্দেশনা প্রদান করিবে।";

(৪) বিধি ৭ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৭ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**"৭। বিভাগীয় কর্মকর্তা কর্তৃক স্ব-উদ্যোগে নিবন্ধিত বা তালিকাভুক্তিকরণ।-** (১) ধারা ১২ এর অধীন মূসক নিবন্ধনযোগ্য বা টার্নওভার কর তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে বিভাগীয় কর্মকর্তা স্ব-উদ্যোগে নিবন্ধিত বা তালিকাভুক্ত করিয়া eVAT সিস্টেমের মাধ্যমে নিবন্ধন বা তালিকাভুক্তি সনদপত্র প্রদান করিবেন এবং সংশ্লিষ্ট করদাতাকে ফরম **'মূসক-২.৩'** এ ব্যবসায় সনাক্তকরণ সংখ্যা (BIN) সংবলিত নিবন্ধন বা তালিকাভুক্তি সনদপত্র তাৎক্ষণিকভাবে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন।

Downloaded from www.taxvatpoint.com

(২) বিভাগীয় কর্মকর্তা স্ব-উদ্যোগে নিবন্ধন প্রদান বা তালিকাভুক্তির সময় যথাযথ অনুসন্ধানের মাধ্যমে প্রাপ্ত তথ্যের ভিত্তিতে নিবন্ধিত বা তালিকাভুক্ত করিবেন এবং যে তারিখে উক্ত ব্যক্তির নিবন্ধন বা তালিকাভুক্তির আবশ্যকতা উদ্ভূত হইয়াছে সেই তারিখ হইতে উহার কার্যকারিতা প্রদান করিবেন।

(৩) উপ-বিধি (১) এর অধীন স্ব-উদ্যোগে নিবন্ধন বা তালিকাভুক্তির পরবর্তীতে যদি সংশ্লিষ্ট ব্যক্তি আইনি বিধি-বিধান যথাযথভাবে পরিপালন করিতেছেন না মর্মে সংশ্লিষ্ট মূল্য সংযোজন কর কর্মকর্তা কর্তৃক পরিলক্ষিত বা চিহ্নত হইলে eVAT সিস্টেমের মাধ্যমে উক্ত ব্যক্তিকে কারণ দর্শানোর নোটিশ প্রদান ও হস্তান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিবেন, এইক্ষেত্রে উল্লিখিত তর্কিত বিষয়াদি নিষ্পত্তির জন্য বিধি ৪ এর উপ-বিধি (৭), (৮) ও (৯) এর কার্যপদ্ধতি অনুসৃত হইবে।

(৪) উপ-বিধি (২) এর অধীন কার্যকারিতা প্রদানের তারিখ হইতে উক্ত উপ-বিধিতে উল্লিখিত ব্যক্তি কর, প্রযোজ্য ক্ষেত্রে বকেয়াসহ, পরিশোধ করিবেন।

(৫) বিভাগীয় কর্মকর্তা তাহার অধিক্ষেত্রে অবস্থিত তালিকাভুক্তি বা নিবন্ধনযোগ্য সকল ব্যক্তি বা প্রতিষ্ঠানকে eVAT সিস্টেমে তালিকাভুক্ত বা নিবন্ধিত হইবার প্রয়োজনীয় সহযোগিতা ও সহায়তা প্রদান করিবেন। জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক সুনির্দিষ্ট করের জন্য তালিকাভুক্ত প্রতিষ্ঠানগুলোর ক্ষেত্রে তালিকাভুক্তি বা করদায়িতা পরিশোধের ক্ষেত্রেও তিনি এই ধরনের সহযোগিতা প্রদান করিবেন।”;

(৫) বিধি ৮ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ৮ প্রতিস্থাপিত হইবে, যথা:-

“**৮। মূসক নিবন্ধন বাতিল।- (১)** কোনো নিবন্ধিত ব্যক্তি তাহার মূসক নিবন্ধন বাতিলের জন্য ফরম **‘মূসক-২.৪’** এ বিভাগীয় কর্মকর্তার নিকট আবেদন করিতে পারিবেন, যদি-

(ক) তিনি নিবন্ধিত হওয়ার পরবর্তী সময়ে অর্থনৈতিক কার্যক্রম শুরু করিতে ব্যর্থ হন;
(খ) তিনি তাহার অর্থনৈতিক কার্যক্রম বন্ধ করিয়া দেন;
(গ) তাহার অর্থনৈতিক কার্যক্রমটি অব্যাহতিপ্রাপ্ত হিসাবে ঘোষিত হয়; বা
(ঘ) পর পর ২ (দুই) বৎসর তাহার বার্ষিক টার্নওভার নিবন্ধনসীমার নিচে থাকে।

(২) উপ-বিধি (১) এর অধীন কোনো আবেদন দাখিল করা হইলে বিভাগীয় কর্মকর্তা বিষয়টি সম্পর্কে যথাযথ অনুসন্ধানের পর-

(ক) নিবন্ধন বাতিলের কারণ যুক্তিসংগত বলিয়া বিবেচিত হইলে, উক্ত নিবন্ধন সাময়িকভাবে স্থগিত করিয়া তাহাকে eVAT সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন; বা

Downloaded from www.taxvatpoint.com

(খ) নিবন্ধন বাতিলের কারণ যুক্তিসংগত বলিয়া বিবেচিত না হইলে বা আবেদন অসম্পূর্ণ থাকিলে বা অন্য কোনো কারণে নিবন্ধন বাতিল করা যুক্তিসংগত না হইলে, তাহাকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া, নিবন্ধন সাময়িকভাবে স্থগিত বা অন্যবিধ সিদ্ধান্ত গ্রহণ করিয়া তাহাকে eVAT সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন।

(৩) উপ-বিধি (২) হইতে স্বতন্ত্রভাবে, তাৎক্ষণিক BIN প্রদানের পরবর্তীতে সরেজমিনে যাচাইকালে কোনো গরমিল বা অনিয়ম পরিলক্ষিত হইলে, বিধি ৪ এর উপ-বিধি (৪) এর দফা (খ) এর অধীন রাজস্ব কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন এবং উক্ত বিভাগীয় কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে সংশ্লিষ্ট করদাতার বরাবরে একটি কারণ দর্শানোর নোটিশ জারি করিবেন।

(৪) উপ-বিধি (৩) এর অধীন জারীকৃত কারণ দর্শানোর নোটিশে-

(ক) সুনির্দিষ্টভাবে চিহ্নিত গরমিল বা অনিয়মের বিবরণ;

(খ) করদাতাকে লিখিত জবাব দাখিলের জন্য নির্ধারিত সময়সীমা [নোটিশ জারির তারিখ হইতে অনধিক ১৫ (পনেরো) কার্যদিবস]; এবং

(গ) ব্যক্তিগত বা ভার্চুয়াল শুনানির তারিখ, সময় ও মাধ্যম উল্লেখ করিতে হইবে।

(৫) কারণ দর্শানোর নোটিশের জবাব না পাওয়া গেলে বা দাখিলকৃত জবাব শুনানি গ্রহণান্তে সন্তোষজনক না হইলে বিভাগীয় কর্মকর্তা eVAT সিস্টেমের মাধ্যমে-

(ক) সংশ্লিষ্ট নিবন্ধনের কার্যকারিতা সাময়িকভাবে স্থগিত করিতে পারিবেন; অথবা

(খ) উক্ত নিবন্ধনের বিপরীতে প্রদেয় সেবার পরিসর আদেশ দ্বারা সীমিত করিয়া দিতে পারিবেন:

তবে শর্ত থাকে যে, উপ-বিধি (৫) এর অধীন কোনো আদেশ প্রদানের পূর্বে সংশ্লিষ্ট করদাতাকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিতে হইবে।

(৬) উপ-বিধি (৩) অনুযায়ী যে করমেয়াদে অনিয়ম বা গরমিল চিহ্নিত হইয়াছে তাহার অব্যবহিত পরবর্তী দাখিলপত্র পেশের বাধ্যবাধকতার তারিখের পূর্বে বিভাগীয় কর্মকর্তা উত্থাপিত বিষয়টি নিষ্পত্তি করিতে না পারিলে, eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে–

(ক) সংশ্লিষ্ট নিবন্ধন সনদপত্রের কার্যকারিতার উপর জারিকৃত স্থগিতাদেশ বাতিল বলিয়া গণ্য করিবে; এবং

Downloaded from www.taxvatpoint.com

(খ) সংশ্লিষ্ট করদাতার নিবন্ধন সনদপত্রের কার্যকারিতা পুনঃপ্রতিষ্ঠিত হইবে এবং সিস্টেম করদাতাকে ইমেইলে উক্ত বিষয়ে অবহিত করিবে।

(৭) উপ-বিধি (২) এর অধীন নিবন্ধন সাময়িক স্থগিতের ১৫ (পনেরো) দিনের মধ্যে নিবন্ধিত ব্যক্তি আইনের ধারা ৯ এর উপ-ধারা (৬) এর অধীন সকল কার্যক্রম সম্পন্ন করিবেন।

(৮) উপ-বিধি (৭) এর অধীন চূড়ান্ত দাখিলপত্র পেশের ১৫ (পনেরো) দিনের মধ্যে উহা যাচাইআন্তে তথ্যাদি যথাযথ প্রাপ্তি সাপেক্ষে বিভাগীয় কর্মকর্তা তাহার নিবন্ধন বাতিল করিবেন।

(৯) উপ-বিধি (১) এর দফা (ঘ) এ বর্ণিত কারণে নিবন্ধন বাতিলের ক্ষেত্রে যদি দেখা যায় যে তাহার বার্ষিক টার্নওভার নিবন্ধনসীমার নিচে, কিন্তু তালিকাভুক্তিসীমার উপরে, তাহা হইলে বিভাগীয় কর্মকর্তা তাহার মূসক নিবন্ধন বাতিলপূর্বক তাহাকে টার্নওভার কর তালিকাভুক্ত করিতে পারিবেন।

(১০) বিভাগীয় কর্মকর্তা যথাযথ অনুসন্ধানের পর যদি নিশ্চিত হন যে কোনো ব্যক্তির মূল্য সংযোজন করদাতা হিসাবে নিবন্ধিত থাকিবার আর প্রয়োজন নাই, তাহা হইলে তিনি উক্ত ব্যক্তিকে শুনানির যুক্তিসংগত সুযোগ প্রদান করিয়া তাহার মূসক নিবন্ধন বাতিল করিতে পারিবেন।

(১১) উপ-বিধি (৮) এর অধীন যাচাই বা উপ-বিধি (১০) এর অধীন অনুসন্ধান সত্ত্বেও মূসক নিবন্ধন বাতিলের পর যদি উদঘাটিত হয় যে, উক্ত ব্যক্তির নিকট আইনের অধীন কোনো বকেয়া পাওনা রহিয়াছে বা কোনো অপরাধ সংঘটিত হইয়াছে, তাহা হইলে তাহার প্রতি আইনের সংশ্লিষ্ট বিধান এইরূপে প্রয়োজ্য হইবে যেন তিনি একজন নিবন্ধিত ব্যক্তি।";

(৬) বিধি ১২ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ১২ প্রতিস্থাপিত হইবে, যথা:-

**"১২। পরিবর্তিত তথ্য অবহিতকরণ।-** (১) আইনের ধারা ১৪ এর বিধান অনুযায়ী প্রত্যেক নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তি অর্থনৈতিক কার্যক্রম সংশ্লিষ্ট উক্ত ধারার দফা (ক) হইতে (চ) তে বিধৃত তথ্যসহ নিম্নবর্ণিত তথ্যের কোনোরূপ পরিবর্তন হইলে উহা পরিবর্তিত হইবার ১৫ (পনেরো) দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তাকে অবহিত করিবেন, যথা:-

(ক) নিবন্ধন বা তালিকাভুক্তির সময় সরবরাহকৃত তথ্যের যে কোনোটিতে পরিবর্তন;

(খ) নূতন ধরনের কোনো ব্যবসায় সংযোজন বা বিদ্যমান ব্যবসায়ের কোনোরূপ বিয়োজন;

(গ) ব্যাংক হিসাব পরিবর্তন, সংযোজন বা বিয়োজন;

(ঘ) নূতন শাখা ইউনিট চালু বা পুরাতন কোনো শাখা ইউনিট বন্ধকরণ;

(ঙ) বোর্ড কর্তৃক আদেশ দ্বারা নির্ধারিত অন্য কোনো পরিবর্তন।

Downloaded from www.taxvatpoint.com

(২) উপ-বিধি (১) এ উল্লিখিত পরিবর্তনের তথ্য অনলাইনে দাখিলের ক্ষেত্রে নিবন্ধিত বা তালিকাভুক্ত আবাসিক ব্যক্তি ফরম **'মূসক-২.১'** এ, নিবন্ধিত অনাবাসিক ব্যক্তি ফরম **'মূসক-২.২'** এ এবং কাগজে আবেদনের ক্ষেত্রে ফরম **'মূসক-২.৫'** এ তথ্য পরিবর্তিত হইবার ১৫ (পনেরো) দিনের মধ্যে বিভাগীয় কর্মকর্তাকে eVAT সিস্টেমের মাধ্যমে অবহিত করিবেন।

(৩) উপ-বিধি (২) এর অধীন eVAT সিস্টেমে পরিবর্তিত তথ্য দাখিলের পর eVAT সিস্টেম স্বয়ংক্রিয়ভাবে সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তাকে বিজ্ঞপ্তি প্রদান করিবে, বিজ্ঞপ্তি প্রাপ্তির পর সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তা পরিবর্তিত তথ্য যাচাই করিবেন এবং যাচাই সম্পন্নের পর প্রযোজ্য ক্ষেত্রে, নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির অনুকূলে নতুন তথ্য সংবলিত একটি মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর তালিকাভুক্তি সনদ eVAT সিস্টেমের মাধ্যমে জারি করিবেন এবং করদাতাকে ইমেইলে প্রেরণ করিবেন।

(৪) উপ-বিধি (২) এর পরিবর্তিত তথ্যের কারণে ফরম **'মূসক-২.৩'** এ কোনো পরিবর্তন হইলে বিভাগীয় কর্মকর্তা নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তির অনুকূলে নূতন তথ্য সংবলিত একটি মূল্য সংযোজন কর নিবন্ধন সনদপত্র বা টার্নওভার কর তালিকাভুক্তি সনদপত্র জারি করিবেন।";

(৭) বিধি ১৮খ এর উপ-বিধি (৬) এ উল্লিখিত "Customs Act, 1969 (IV of 1969)" এর পরিবর্তে "কাস্টমস আইন, ২০২৩ (২০২৩ সনের ৫৭ নং আইন)" প্রতিস্থাপিত হইবে;

(৮) বিধি ১৮গ এর দফা (খ) এর শেষাংশে উল্লিখিত "অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্রের" শব্দগুলির পরিবর্তে "অভ্যন্তরীণ ব্যাক-টু-ব্যাক ঋণপত্র বা অভ্যন্তরীণ ঋণপত্রের" শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(৯) বিধি ২১ এর পরিবর্তে নিম্নরূপ বিধি ২১ প্রতিস্থাপিত হইবে, যথা:-

"২১। উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা।- (১) আইনের ধারা ৩২ এর উপ-ধারা (৫) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে পণ্য উৎপাদন এর পরবর্তীতে বা সরবরাহের পূর্বে ফরম **'মূসক-৪.৩'** এ বিভাগীয় কর্মকর্তার নিকট অথবা অনলাইনে eVAT System এ একটি উপকরণ-উৎপাদ সহগ (Input-Output Coefficient) দাখিল করিতে হইবে, যাহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিতে হইবে, তবে, বোর্ড কর্তৃক নির্ধারিত ক্ষেত্রসমূহে, সেবা প্রদানকারী কর্তৃক সেবা প্রদানের ক্ষেত্রে ও শতভাগ রপ্তানিমুখী শিল্প প্রতিষ্ঠান কর্তৃক রপ্তানিযোগ্য বা রপ্তানিকৃত পণ্যের ক্ষেত্রে, এইরূপ সহগ ঘোষণা দাখিল করিতে হইবে না।

(২) ধারা ৩২ এর উপ-ধারা (৬) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোনো নিবন্ধিত বা তালিকাভুক্ত ব্যক্তিকে পণ্য সরবরাহের পূর্বে ফরম **'মূসক-**

Downloaded from www.taxvatpoint.com

**৪.৩.১’** এ বিভাগীয় কর্মকর্তার নিকট অথবা অনলাইনে eVAT System এ একটি সহগ ঘোষণা দাখিল করিতে হইবে, যাহার একটি অনুলিপি বিভাগীয় কর্মকর্তা কর্তৃক সুপারিশসহ ১৫ (পনেরো) কার্যদিবসের মধ্যে সংশ্লিষ্ট কমিশনারের নিকট প্রেরণ করিতে হইবে।”;

(১০) বিধি ৪০ এর উপ-বিধি (১) এর-

(ক) দফা (খখখ) এ উল্লিখিত “মূসক-৬.২” এন্ট্রিগুলির পর “, মূসক-৬.৩” এন্ট্রিগুলি সন্নিবেশিত হইবে;

(খ) দফা (গ) এ উল্লিখিত “নিবন্ধিত ব্যক্তি কর্তৃক” শব্দগুলির পর “ইলেক্ট্রনিক বা হার্ডকপি” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(গ) দফা (গ) এর উপ-দফা (অ) এ উল্লিখিত “একটি কর চালানপত্র” শব্দগুলির পর “বা মোবাইল ব্যাংকিং সেবার ক্ষেত্রে অনলাইন নোটিফিকেশন বা স্টেটমেন্ট” শব্দগুলি সন্নিবেশিত হইবে;

(১১) বিধি ৪৭ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) নিবন্ধিত উৎপাদনকারী ও সেবা প্রদানকারী ব্যক্তি ফরম **‘মূসক-৯.১’** এ নিবন্ধিত ব্যবসায়ী **‘মূসক-৯.১.১’** এ মূল্য সংযোজন কর দাখিলপত্র এবং তালিকাভুক্ত ব্যক্তি ফরম **‘মূসক-৯.২’** এ টার্নওভার কর দাখিলপত্র পেশ করিবেন।”;

(১২) বিধি ৫৭ এর উপ-বিধি (১), (২), (৩) ও (৪) এ উল্লিখিত “কমিশনার” শব্দের পরিবর্তে “কমিশনার বা মহাপরিচালক” শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৩) বিধি ৯৯ এর উপ-বিধি (১) এর পরিবর্তে নিম্নরূপ উপ-বিধি (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) আপিল কমিশনারেট বা আপিল ট্রাইবুনালে বা সুপ্রিম কোর্টের হাইকোর্ট বিভাগে বা আপিল বিভাগে নিষ্পন্নাধীন কোনো বিরোধ আইনের ধারা ১২৫ এর অধীন বিকল্প উপায়ে নিষ্পত্তি করিতে চাহিলে সংশ্লিষ্ট নিবন্ধিত বা নিবন্ধনযোগ্য বা তালিকাভুক্ত বা তালিকাভুক্তিযোগ্য ব্যক্তিকে সংশ্লিষ্ট কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল), বা ক্ষেত্রমত, সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগ, যাহাই প্রযোজ্য হয়, বিরোধীয় বিষয় সংশ্লিষ্ট প্রাসঙ্গিক দলিলাদিসহ ফরম **‘মূসক-১৭.১’** এ-

(ক) আপিল কমিশনারেট বা আপিল ট্রাইবুনালে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট কমিশনার (আপিল) বা প্রেসিডেন্ট (আপিলাত ট্রাইব্যুনাল); অথবা

(খ) সুপ্রিম কোর্টের আপিল বিভাগ বা হাইকোর্ট বিভাগে বিচারাধীন মামলা বা বিরোধের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ এর নিকট ৩ (তিন) প্রস্থে আবেদন করিতে হইবে।”;

Downloaded from www.taxvatpoint.com

(১৪) বিধি ১১১ এর দফা (ঙ) এ উল্লিখিত "৫ (পাঁচ) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলির পরিবর্তে "১ (এক) হাজার" সংখ্যা, বন্ধনী ও শব্দগুলি প্রতিস্থাপিত হইবে;

(১৫) ফরম "মূসক-২.১" এর পরিবর্তে নিম্নরূপ নূতন ফরম "মূসক-২.১" প্রতিস্থাপিত হইবে, যথা:-

**Government of the People's Republic of Bangladesh**
**National Board of Revenue**
VAT/Turnover Tax Registration Form

**Mushak-2.1**

**This form will be used for the taxpayers required/willing to get registered/enlistment under the Value Added Tax and Supplementary Duty Act, 2012. Please read the instructions pages at the end of this form carefully and fill ALL applicable fields correctly. Please contact our help-desk at 16555 if you need any assistance.**

## A. REGISTRATION BASICS

| | |
|---|---|
| e-TIN (Where applicable) | |
| Name | Autoload from e-TIN |
| Address | Autoload from e-TIN |
| Previous BIN Number | |
| Previous Organization Name | |

## B. BUSINESS INFORMATION

B1. Type of Ownership:

| | | | |
|---|---|---|---|
| (a) Proprietorship | | (b) Partnership | |
| (c) Private Limited | | (d) Public Limited | |
| (e) International Organization | | (f) Diplomatic Mission | |
| (g) Government | | (h) NGO | |
| (i) Educational Institute | | (j) Other | *[Please specify in the field below]* |

B2. Are you a Withholding Entity:

| | | | |
|---|---|---|---|
| Yes | | No | |

Downloaded from www.taxvatpoint.com

| C. General Information | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| C1. Trade License No (If Applicable) | | | | | | Issue Date<br>Expiry Date | |
| C2. RJSC Incorporation number *(If Any)* | | | | | | Issue Date | |
| C3. Name of the Company | | | | | | *(Where applicable)* | |
| *(If different than in e-TIN)* | | | | | | | |
| C4. Trading Brand Name *(If Any)* | | | | | | | |
| C5. Registration Type | | | | | | | |
| VAT | | | | Turnover Tax | | | |
| C6. Equity Information | | | | | | | |
| 100% Local | | 100% Foreign | | Joint Venture | | | |
| | | | | Local Share (%) | | | |
| C7. BIDA Registration No. | | | | | | Issue Date | |

C8. Special Zone

Yes → Dropdown Box
1. BEPZA
2. BHTPA

No

C9. Are you under Economic Zone Commissionerate?

Yes → Dropdown Box
1. Economic Zone Commissionerate, Dhaka
2. Economic Zone Commissionerate, Chattogram

No

## D. CONTACT INFORMATION

D1. Factory/ Business Operations Address *

D2. District*

D3. Police Station*

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

D4. Postal Code*

D5. Land Telephone Number (If Any)

(District code + phone number)

D6. Mobile Telephone Number *

(e.g. 01XXXXXXXXX)

D7. e-Mail*

D8. Fax Number (If Any)

(District code + phone number)

D9. Web address (If Any)

D10. Registered HQ Address * [If different than address of D1]

☐ Same as D1

D11. Headquarter Address outside of Bangladesh [for 100% foreign ownership] (If Any)

## E. Central BIN

(Please select if you want to register as a Central BIN holder) ☐

**LIST OF BRANCH UNITS YOU WISH TO BRING UNDER CENTRAL REGISTRATION**

| Branch Address | Branch Name | Branch Category (dropdown list) | Annual Turnover | BIN | Branch ID |
|---|---|---|---|---|---|
| 1. | | | | | |
| 2. | | | | | |
| 3. | | | | | |

**F. MAJOR AREA OF ECONOMIC ACTIVITY**

F1. Manufacturing

Electricity Distribution Company Name

Customer ID

F2. Services

F3. Retail/Wholesale Trading

F4. Imports

IRC Number

Issue Date

Expiry Date

F5. Exports

ERC Number

Issue Date

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

Expiry Date

F6. Other | Please Specify *

## G. AREAS OF MANUFACTURING [MANDATORY IF TAXPAYER SELECT "MANUFACTURING" IN FIELD F1]

Select areas of manufacturing (Multiple selection allow)

Others (Please specify) *

## H. AREAS OF SERVICE [MANDATORY IF TAXPAYER SELECT "SERVICES" IN FIELD F2]

Select areas of service (Multiple selection allow)

Others (Please specify) *

Downloaded from www.taxvatpoint.com

## I. BUSINESS CLASSIFICATION CODE [MANDATORY IF TAXPAYER SELECT "MANUFACTURING" IN FIELD F1 AND/OR "SERVICES" IN FIELD F2]

| Commercial Description of Supply | H.S/Service Code | Description of H.S/Service Code |
|---|---|---|
| 1. | Link with (Schedule) | |
| 2. | | |
| 3. | | |

*[USE SEPARATE CODE FOR EACH SUPPLY ACCORDING TO YOUR SELECTION IN SECTION "G' AND/OR "H" ABOVE]*

*[Use separate sheet to add more information]*

## J. BANK ACCOUNT DETAILS

| Account Name | Account Number | Bank Name | Branch Name | Account Type |
|---|---|---|---|---|
| 1. | | | | |
| 2. | | | | |
| 3. | | | | |

Downloaded from www.taxvatpoint.com

## K. INFORMATION ABOUT OWNERS/DIRECTORS/HEAD OF ENTITY

| Ownership Type | Nationality | e-TIN | Full Name | Mobile No. | Designation | Share (%) | NID | Passport No. | Valid Until | Issuing Country | BIN |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |
| | | | | | | | | | | | |

For Bangladeshi nationals NID mandatory. For foreign nationals use passport number and issuing country. OTP will be sent to the first name mentioned in the above list for validation.

## L. BUSINESS OPERATIONS

L1. Taxable turnover in past 12 months period *(If Applicable)* BDT

L2. Projected turnover in next 12 months period BDT

L3. Number of employees

L4. Are you making any zero-rated supply? * Yes No

L5. Are you making any VAT exempted supply? * Yes No

L6. Major Capital Machinery *(If Applicable)*:

| Description | Quantity | H.S. Code | Value in BDT | Production Capacity | Physical Condition |
|---|---|---|---|---|---|
| 1 | | | | | |
| 2. | | | | | |
| 3. | | | | | |

L7. Input-Output data *(If Applicable)*:

| Commercial Description of Output | H.S./ Service Code of Output | Selling Unit | Description of Major Inputs | H.S./ Service Code of Input | Quantity of input used per unit of output |
|---|---|---|---|---|---|
| 1. | | | | | |
| 2. | | | | | |
| 3. | | | | | |

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

M. AUTHORIZED PERSONS INFORMATION FOR ONLINE ACTIVITY

| TIN | | NID | | Full Name | | Designation (drop down list) | | VAT Consultant License No. (if applicable) | | Mobile No. | | Email | | Purpose (Drop down list) |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| Person-1 | | | | | | | | | | | | | | |
| Person-2 | | | | | | | | | | | | | | |
| Person-3 | | | | | | | | | | | | | | |

N. Declaration

**All the details and information provided in this form are true and complete. I am aware that any untrue/incomplete statement may result in delay in BIN issuance and I may be subjected to any penal action under The Value Added Tax and Supplementary Duty Act, 2012 or any other applicable Act prevailing at present.**

**FULL NAME:**

**DESIGNATION:**

**SIGNATURE OF AUTHORIZED PERSON**

*(For manual submission only)*

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

(১৬) ফরম **‘মূসক-২.৩’** এ উল্লিখিত কমিশনারেট ও বিভাগের নামের নিচের অংশে **“......... সার্কেল”** এন্ট্রিগুলি সন্নিবেশিত হইবে;

(১৭) ফরম **‘মূসক-৪.৩’** এর পর নিম্নরূপ নূতন ফরম “মূসক-৪.৩.১” সন্নিবেশিত হইবে, যথা:-

“গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড

**মূসক-৪.৩.১**

**সহগ ঘোষণা**
**(বিধি ২১ এর উপ-বিধি (৬) দ্রষ্টব্য)**

**প্রতিষ্ঠানের নাম:**
**ঠিকানা:**
**বিন (BIN):**
**দাখিলের তারিখ :**

| ক্রমিক নং | সরবরাহতব্য পণ্যের নাম ও বর্ণনা (প্রযোজ্য ক্ষেত্রে ব্রান্ড নামসহ) | সরবরাহের একক | ক্রয় মূল্য | মূল্য সংযোজন | বিক্রয়মূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| (১) | (২) | (৩) | (৪) | (৫) | (৬) | (৭) |

**প্রতিষ্ঠান কর্তৃপক্ষের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তির নাম :**
**পদবি:**
**স্বাক্ষর:**
**সীল:**

**বিশেষ দ্রষ্টব্যঃ**

১। যে কোনো পণ্য প্রথম সরবরাহের পূর্ববর্তী পনেরো কার্যদিবসের মধ্যে অনলাইনে মূসক কম্পিউটার সিস্টেমে বা সংশ্লিষ্ট বিভাগীয় কর্মকর্তার দপ্তরে উপকরণ-উৎপাদ সহগ ঘোষণা দাখিল করিতে হইবে।

২। উপকরণ ক্রয়ের স্বপক্ষে প্রামাণিক দলিল হিসাবে পণ্য ঘোষণা বা মূসক চালানপত্রের কপি সংযুক্ত করিতে হইবে।”;

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

(১৮) মূল্য সংযোজন কর দাখিলপত্র ফরম “মূসক-৯.১” এর পর নূতন ফরম “মূসক-৯.১.১” সন্নিবেশিত হইবে, যথা:-

**Mushak-9.1.1**

Government of the People’s Republic of Bangladesh
National Board of Revenue

**VALUE ADDED TAX RETURN FORM**
[See Rule 47(1)]

[Please read the instructions before filling up this form]

| **PART - 1: TAXPAYER’S INFORMATION** | | | |
|---|---|---|---|
| 1. | BIN | : | |
| 2. | Name of Taxpayer | : | |
| 3. | Address of Taxpayer | : | |
| 4. | Type of Ownership | : | |
| 5. | Economic Activity | : | |

| **PART - 2: RETURN SUBMISSION DATA** | | | |
|---|---|---|---|
| 1. | Tax Period | : | |
| 2. | Type of Return* *[Please select your desired option]* | | A) Main/Original Return (Section 64) B) Late Return (Section 65) |
| 3. | Any activities in this Tax Period? *[If Selected “No” Please Fill Only the Relevant Parts]* | : | ☐Yes ☐ No |
| 4. | Date of Submission | : | |

| **PART - 3: SUPPLY - OUTPUT TAX** | | | | | |
|---|---|---|---|---|---|
| **Nature of Supply** | **Note** | **Value (a)** | **SD (b)** | **VAT (c)** | |
| **Total Sales Value & Total Payable Taxes** | **1** | | | | Sub-form |

| **PART - 4: PURCHASE - INPUT TAX** | | | |
|---|---|---|---|
| **Nature of Purchase** | **Note** | **Value (a)** | **VAT (b)** |
| **Goods/Service Not Admissible for Credit - Local Purchase** | **2** | | |

| **PART - 5: INCREASING ADJUSTMENTS (VAT)** | | | |
|---|---|---|---|
| **Adjustment Details** | **Note** | **VAT Amount** | |
| VAT on Rent | 3 | | |
| Any Other Adjustments | 4 | | Sub-form |
| **Total Increasing Adjustment** | **5** | | |

| **PART - 6: DECREASING ADJUSTMENTS (VAT)** | | | |
|---|---|---|---|
| **Adjustment Details** | **Note** | **VAT Amount** | |
| **Any Other Decreasing Adjustments** | **6** | | Sub-form |

| **PART - 7: NET TAX CALCULATION** | | |
|---|---|---|
| **Items** | **Note** | **Amount** |
| Net Payable VAT for the Tax Period (Section-45) | 7 | |
| Net Payable VAT for the Tax Period after Adjusted with Closing Balance | 8 | |
| Net Payable Supplementary Duty for the Tax Period Before Adjustment with Closing Balance | 9 | |
| Net Payable Supplementary Duty for the Tax Period after Adjusted with Closing Balance | 10 | |

Downloaded from www.taxvatpoint.com

| | | |
|---|---|---|
| Interest on Overdue VAT | 11 | |
| Interest on Overdue SD | 12 | |
| Fine/Penalty for Non-submission of Return | 13 | |
| Other Fine/Penalty | 14 | |
| Net Payable VAT for Treasury Deposit | 15 | |
| Net Payable SD for Treasury Deposit | 16 | |
| Closing Balance of Last Tax Period (VAT) | 17 | |
| Closing Balance of Last Tax Period (SD) | 18 | |

**PART-8: ACCOUNTS CODE WISE PAYMENT SCHEDULE (TREASURY DEPOSIT)**

| Items | Note | Account Code | Amount | |
|---|---|---|---|---|
| VAT Deposit for the Current Tax Period | 19 | 1/1133/0030/0311 | | Sub-form |
| SD Deposit for the Current Tax Period | 20 | 1/1133/0030/0711 | | Sub-form |

**PART - 9: CLOSING BALANCE**

| Items | Note | Amount |
|---|---|---|
| Closing Balance (VAT) | 21 | |
| Closing Balance (SD) | 22 | |

**PART - 10: DECLARATION**

| | | |
|---|---|---|
| Name * | : | |
| Designation * | : | |
| Mobile Number * | : | |
| National ID/Passport Number * | : | |
| Email * | : | |

☑ ***I hereby declare that all information provided in this Return Form are complete, true & accurate. In case of any untrue/incomplete statement, I may be subjected to penal action under The Value Added Tax and Supplementary Duty Act, 2012 or any other applicable Act prevailing at present.**

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

### Sub-form of Part 3.1 : Total Sales Value & Total Payable Taxes

| Goods/Service Commercial Description* | Goods/Service Code* | Goods/Service Name | Value (a) * | SD (b) * | VAT (c) * | Notes |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

### Sub-form of Part 5.4 : Any Other Adjustments

| Challan Number | Date | Value | VAT | SD | Purpose/Notes* |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| TOTAL | | | | | |

### Sub-form of Part 6.6 : Any Other Decreasing Adjustments

| Challan Number | Date | Value | VAT | SD | Purpose/Notes* |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| TOTAL | | | | | |

### Sub-form of Part 9.19 : VAT Deposit for the Current Tax Period

| Treasury Challan Number/Token Number* | Bank/ CGA * | Branch/ CAFO/ DCO * | Date* | Tax Deposited Account Code | Amount* | Notes |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1/1133/OP CODE/0311 | | |
| | | | | | | |
| Total | | | | | | |

### Sub-form of Part 9.20 : SD Deposit for the Current Tax Period

| Treasury Challan Number/Token Number* | Bank/ CGA * | Branch/ CAFO/ DCO * | Date* | Tax Deposited Account Code | Amount* | Notes |
|---|---|---|---|---|---|---|
| | | | | 1/1133/OP CODE/0711 | | |
| | | | | | | |
| Total | | | | | | |

”; এবং

Downloaded from www.taxvatpoint.com

Downloaded from www.taxvatpoint.com

(১৯) মূল্য সংযোজন কর দাখিলপত্র ফরম “মূসক-৯.২” এর পরিবর্তে নূতন ফরম “মূসক-৯.২” প্রতিস্থাপিত হইবে, যথা:-

**Mushak-9.2**

**“GOVERNMENT OF THE PEOPLE’S REPUBLIC OF BANGLADESH**
**NATIONAL BOARD OF REVENUE**

**SPECIFIC TURNOVER TAX RETURN FORM**
[Rule 47(1)]

*[Please read the instructions before filling up this form]*

| **Part-1: TAXPAYER’S INFORMATION** | | | |
|---|---|---|---|
| 1. | BIN | : | |
| 2. | Name of Taxpayer | : | |
| 3. | Address of Taxpayer | : | |
| 4. | Type of Ownership | : | |
| 5. | Economic Activity | : | |

| **Part-2: RETURN SUBMISSION DATA** | | | |
|---|---|---|---|
| 6. | Tax Period | : | ☐ January - December, (Year) |
| 7. | Date of Submission | : | |

| **Part-3: SUPPLY** | | |
|---|---|---|
| **Nature of Supply** | **Value** | **Specific Turnover Tax** |
| **Total Sales Value & Specific Turnover Tax:** | | |

| **Part-4: ACCOUNTS CODE WISE PAYMENT SCHEDULE (TREASURY DEPOSIT)** | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| **Items** | **Economic Code** | **Treasury Challan Number/ Transaction ID (in case of e-payment)** | **Bank Name** | **Branch Name** | **Date** | **Tax Deposited Account Code** | **Amount** |
| Tax Deposit for the Current Tax Period | | | | | | | |

| **Part-5: DECLARATION** | | |
|---|---|---|
| ☑ **I hereby declare that all information provided in this Return Form are complete, true & accurate. In case of any untrue/incomplete statement, I may be subjected to penal action under The Value Added Tax and Supplementary Duty Act, 2012 or any other applicable Act prevailing at present.** | | |
| Name * | : | |
| Designation * | : | |
| Mobile Number * | : | |
| National ID/Passport Number * | : | |
| Email * | : | |
| Signature *[Not required for electronic submission]* | : | |

”।

২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০২৬ খ্রিষ্টাব্দে কার্যকর হইবে।

**জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,**

**( মোঃ আজিজুর রহমান )**
**সদস্য (মূসক নীতি)**

Downloaded from www.taxvatpoint.com